দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# কুবিতে শোক দিবসে ক্লাস নেওয়ার অভিযোগে শিক্ষকের বহিষ্কার দাবি

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

১৫ই আগস্ট জাতীয় শোক দিবসে ক্লাস নেওয়ার অভিযোগে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে সভা, সমাবেশে, মিছিলে সিন্ডিকেটের নিষেধাজ্ঞা বহালের মধ্যেই প্রশাসনিক ভবনসহ একাডেমিক ভবনগুলোতে তালা লাগিয়ে বিক্ষোভ করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। বুধবার সকালে ভবনগুলোতে তালা ঝুলিয়ে দেওয় হয়। এতে বন্ধ হয়ে যায় ১৯টি বিভাগের একাডেমিক কার্যক্রম। কয়েকটি বিভাগে মোট ১১টি সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে।

জানা যায়, জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধুর ভাস্কর্যে শ্রদ্ধা নিবেদন শেষে গণ যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সভাপতি মাহবুবুল হক ভূঁইয়া ক্লাস নিয়েছেন এমন অভিযোগ তুলে ঐ শিক্ষকের বহিষ্কার দাবিতে মঙ্গলবার বেঁধে দেওয়া ২৪ ঘণ্টা সময়সীমা শেষ হওয়ার পূর্বে বুধবার সকাল ৯টার দিকে প্রশাসনিক ভবনসহ সবগুলো একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে ক্যাম্পাসে বিক্ষোভ করে ছাত্রলীগ। এসময় ক্যাম্পাসের মূল ফটকে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করতেও দেখা যায়। ঐ শিক্ষককে রাজাকার অ্যাখ্যা দিয়ে বিভিন্ন স্লোগান দেয় ছাত্রলীগের নেতা-কর্মীরা। তবে নাম প্রকাশ না করার শর্তে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের বেশ কয়েকজন শিক্ষার্থী জানান, ওটা ক্লাস ছিল না। পরীক্ষা সংক্রান্ত বিষয়ে শিক্ষকের সঙ্গে কথা বলছিলেন তারা।

শাখা ছাত্রলীগের সভাপতি ইলিয়াস হোসেন সবুজ বলেন, 'ঐ শিক্ষক শোক দিবসে ক্লাস নিয়ে শোক দিবসকে অস্বীকার করেছেন। তাই আমরা তার বহিষ্কার চাই। বিশ্ববিদ্যালয় প্রশাসন যতক্ষণ পর্যন্ত তার বিরুদ্ধে ব্যবস্থা না নিবে আমরা ততক্ষণ পর্যন্ত আন্দোলন চালিয়ে যাব।' তবে বিভাগের সভাপতি মাহবুবুল হক ভূঁইয়া বলেন, 'আমি ক্লাস নিচ্ছিলাম কিনা এ বিষয়টি তদন্ত করে দেখা হোক। বিভিন্ন সময়ে অন্যায়ের বিরুদ্ধে কথা বলায় ষড়যন্ত্রের অংশ হিসেবে আমাকে ভুলভাবে উপস্থাপন করা হচ্ছে।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর